

ৰ গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu□min) | غَافر(ٱلْمُؤُمنِ)

আয়াতঃ ৪০: ৫৭

💵 আরবি মূল আয়াত:

لَخَلَقُ السَّمَٰوٰتِ وَ الأرضِ أَكبَرُ مِن خَلَقِ النَّاسِ وَ لَٰكِنَّ أَكثَرَ النَّاسِ لَا يَعلَمُونَ ﴿٥٧﴾

অবশ্যই আসমানসমূহ ও যমীন সৃষ্টি করা মানুষ সৃষ্টি করার চেয়ে বড় বিষয়; কিন্তু অধিকাংশ মানুষই তা জানে না।
— আল-বায়ান

অবশ্যই আসমান ও যমীনের সৃষ্টি মানুষ সৃষ্টির চেয়ে বড় (ব্যাপার)। কিন্তু অধিকাংশ মানুষ (অজ্ঞতা ও চিন্তা না করার কারণে) তা জানে না। — তাইসিকল

মানব সৃষ্টি অপেক্ষা আকাশমন্তলী ও পৃথিবীর সৃষ্টিতো কঠিনতর, কিন্তু অধিকাংশ মানুষ এটা জানেনা। — মুজিবুর রহমান

The creation of the heavens and earth is greater than the creation of mankind, but most of the people do not know. — Sahih International

৫৭. মানুষ সৃষ্টি অপেক্ষা আসমানসমূহ ও যমীন সৃষ্টি অবশ্যই বড় বিষয়, কিন্তু অধিকাংশ মানুষ জানে না।

তাফসীরে জাকারিয়া

- (৫৭) মানব সৃষ্টি অপেক্ষা আকাশমন্ডলী ও পৃথিবীর সৃষ্টি তো কঠিনতর, কিন্তু অধিকাংশ মানুষই তা জানে না। [1]
 - [1] অর্থাৎ, এরা আবার এ কথা অস্বীকার করছে কেন যে, মহান আল্লাহ মৃতকে পুনরায় জীবিত করতে পারবেন না? অথচ আকাশ ও পৃথিবী সৃষ্টি করার তুলনায় এ কাজ অনেক সহজ।

তাফসীরে আহসানূল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4190

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন